# দ্বিতীয় অধ্যায়: ব্যবসায় উদ্যোগ ও উদ্যোক্তা

## পরীক্ষায় কমন পেতে আরও প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ▶ ১** দামকুড়া হাটের জনাব রহিম এইচ.এস.সি পাসের পর তার গ্রামে একটি পোলট্রি ফার্ম স্থাপন করেন। প্রথম দুই বছর তার ফার্ম কোনো লাভের সম্মুখীন হতে পারেনি। তাই তিনি যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ নিয়ে পুনরায় তার কাজে আত্মনিয়োগ করেন। বর্তমানে তার ফার্মটি বেশ লাভজনক খামারে পরিণত হয়েছে। তার ফার্মে ১০ জন লোক বিভিন্ন ধরনের কাজে তাকে নিয়মিত সহায়তা করে। ◀ *শিখনফল-৪*

ক. ঝুঁকি নেওয়ার মানসিকতা উদ্যোক্তার কোন ধরনের বৈশিষ্ট্য? ১
খ. উদ্যোগ নেওয়ার ক্ষেত্রে প্রশিক্ষণের দু'টি সুবিধা ব্যাখ্যা করো। ২
গ. একজন উদ্যোক্তা হিসেবে জনাব রহিমের মধ্যে কোন ধরনের গুণের প্রতিফলন হয়েছে? বর্ণনা করো। ৩
ঘ. দেশের আর্থ-সামাজিক উন্নয়নে জনাব রহিমের মতো উদ্যোক্তাদের অবদান মূল্যায়ন করো। ৪

### ১ নং প্রশ্নের উত্তর

**ক** ঝুঁকি নেওয়ার মানসিকতা উদ্যোক্তার একটি বড় বৈশিষ্ট্য।

**খ** উদ্যোগ নেওয়ার ক্ষেত্রে প্রশিক্ষণের দু'টি সুবিধা হলো: ১. ব্যবসায়ের অনুকূল পরিবেশ সৃষ্টি এবং ২. দক্ষতা অর্জন করা।
এর মাধ্যমে ব্যবসায়ের জন্য অনুকূল পরিবেশ সৃষ্টি করা সম্ভব হয়। কারণ প্রশিক্ষণের অভাবে অনেক সময় সুযোগ থাকলেও সঠিক পদক্ষেপ নেওয়া যায় না। আবার, এটি উদ্যোক্তার দক্ষতা বাড়াতে সহায়তা করে। ফলে প্রতিষ্ঠানের কাজ ও উৎপাদনে গতি বাড়ে।

**গ** একজন উদ্যোক্তা হিসেবে জনাব রহিমের মধ্যে 'ব্যর্থতা থেকে শিক্ষা নেওয়ার মানসিকতা' গুণটি প্রতিফলিত হয়েছে।
উদ্যোগ নিলে সবসময় সফলতা আসবে, এমন নয়। এক্ষেত্রে ব্যর্থতাও আসতে পারে। তাই একজন উদ্যোক্তা ব্যর্থতার কারণ বিশ্লেষণ করেন। পরবর্তীতে কাজে সফল হওয়ার জন্য আগের ভুলগুলো সংশোধন করে নতুন উদ্যমে কাজ শুরু করেন। এটিই হলো ব্যর্থতা থেকে শিক্ষা নেওয়ায় মানসিকতা।

উদ্দীপকের জনাব রহিম পোলট্রি ফার্ম সম্পর্কে না জেনে একটি পোলট্রি ফার্ম প্রতিষ্ঠা করেন। তাই তিনি প্রথমদিকে লোকসানের সম্মুখীন হন। পরবর্তীতে তিনি এর ওপর প্রশিক্ষণ নেন। ফলে তিনি নতুন উদ্যমে কাজ করে সফলতা পান। জনাব রহিমের এই কাজ তার আগের ব্যর্থতা থেকে শিক্ষা নেওয়াকে ইঙ্গিত করে। সুতরাং, জনাব রহিমের মধ্যে ব্যর্থতা থেকে শিক্ষা নেওয়ার মানসিকতার গুণটি ফুটে উঠেছে।

**ঘ** দেশের আর্থ-সামাজিক উন্নয়নে জনাব রহিমের মতো উদ্যোক্তাদের অবদান অপরিসীম।
উদ্যোক্তারা তাদের উদ্যোগমূলক কাজের মাধ্যমে নিজেদের জীবিকা অর্জনের ব্যবস্থা করেন। সম্পদের সঠিক ব্যবহার, জাতীয় উৎপাদন ও আয় বাড়ানো, কর্মসংস্থান সৃষ্টি, দক্ষ মানবসম্পদ তৈরি প্রভৃতির মাধ্যমে তারা দেশের অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখেন।
উদ্দীপকের জনাব রহিম এইচ.এস.সি পাস করে নিজ গ্রামে একটি পোলট্রি ফার্ম স্থাপন করেন। প্রথম দুই বছর লোকসান হলেও পরবর্তীতে প্রশিক্ষণ নিয়ে তিনি পুনরায় তার কাজে আত্মনিয়োগ করেন। বর্তমানে তার ফার্মটি বেশ লাভজনক প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। এতে ১০ জন লোক বিভিন্ন কাজে তাকে সহায়তা করে। জনাব রহিম ব্যবসায় উদ্যোগের মাধ্যমে নিজের কর্মসংস্থানের পাশাপাশি আরও ১০ জনের কাজের সুযোগ তৈরি করেছেন। এভাবে তিনি বেকার মানুষের কাজের সুযোগ তৈরি করেছেন। এতে তারা অর্থ উপার্জন করে জীবনযাত্রার মান বাড়াতে পারছেন। আবার তারা নিয়মিত কাজ করার মাধ্যমে প্রয়োজনীয় দক্ষতা অর্জন করছেন। অন্যদিকে, পোলট্রি ফার্মের মাধ্যমে তিনি স্থানীয় সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করেছেন। এভাবে তিনি জাতীয় আয় বাড়ানো, বেকারত্ব কমানো, দক্ষ জনশক্তি গড়ে তোলা ও সম্পদের সুষ্ঠু ব্যবহার করছেন। অতএব, জনাব রহিমের মতো উদ্যোক্তারাই পারেন দেশের আর্থ-সামাজিক উন্নয়ন করতে।

**প্রশ্ন ▶ ২** মি. আলম ব্যবসায় করতে ইচ্ছুক কিন্তু ঝুঁকির কারণে তিনি সিদ্ধান্ত নিতে পারছেন না। এক পর্যায়ে বিচার-বিশ্লেষণ করে তিনি সিদ্ধান্ত নিলেন তৈরি পোশাকের পাইকারি ব্যবসায় করবেন। ◀ *শিখনফল-৭*

ক. ব্যবসায় উদ্যোগের ইংরেজি প্রতিশব্দ কী? ১
খ. উদ্যোগ ও উদ্যোক্তার মধ্যে পার্থক্য কী? ব্যাখ্যা করো। ২
গ. একজন সফল উদ্যোক্তাকে বিভিন্ন গুণের অধিকারী হতে হয় কেন? বর্ণনা করো। ৩
ঘ. মি. চৌধুরীর ব্যবসায় পরিকল্পনাটি সঠিক কিনা এ সম্পর্কে তোমার মতামত তুলে ধরো। ৪

### ২ নং প্রশ্নের উত্তর

**ক** ব্যবসায় উদ্যোগের ইংরেজি প্রতিশব্দ হচ্ছে Business Entrepreneurship।

**খ** উদ্যোগ ও উদ্যোক্তার মধ্যে বিদ্যমান পার্থক্য নিচে তুলে ধরা হলো—

| উদ্যোগ | উদ্যোক্তা |
|---|---|
| ১. যেকোনো কাজের কর্ম প্রচেষ্টাই হলো উদ্যোগ। | ১. যিনি কোনো কাজের প্রচেষ্টা নেন তিনিই হলেন উদ্যোক্তা। |
| ২. উদ্যোগ বলতে কোনো কার্যক্রমকে বোঝায়। | ২. উদ্যোক্তা বলতে কার্যক্রম সম্পাদনকারী ব্যক্তিকে বোঝায়। |
| ৩. উদাহরণ: স্কুল প্রতিষ্ঠা, ব্যবসায় গঠন প্রভৃতি। | ৩. উদাহরণ: হেনরি ফোর্ড, জহুরুল ইসলাম প্রমুখ। |

**গ** একজন উদ্যোক্তাকে তার কার্যক্রম সফল করতে বিভিন্ন গুণের (সৃজনশীলতা, সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা প্রভৃতি) অধিকারী হতে হয়।
উদ্যোক্তা তার সৃজনশীলতা দিয়ে নতুন নতুন ধারণা তৈরি করেন। তার উদ্যম আর দক্ষতাকে কাজে লাগিয়ে সফল না হওয়া পর্যন্ত পরিশ্রম করেন। তিনি ভুল থেকে শিক্ষা নিয়ে পরিমিত পরিমাণ ঝুঁকি নেন। আর সাফল্য অর্জনের তীব্র আকাঙ্ক্ষা নিয়ে এগিয়ে যান।
উদ্দীপকের মি. আলম ঝুঁকির কারণে প্রথমে সিদ্ধান্ত নিতে পারছিলেন না। পরবর্তীতে বিচার-বিশ্লেষণের মাধমে সিদ্ধান্ত নেন। এক্ষেত্রে তিনি পোশাকের পাইকারি ব্যবসায় করার সিদ্ধান্ত নেন। এতে বোঝা যায়, তার বিচার-বিশ্লেষণ করে সিদ্ধান্ত নেওয়া ও ঝুঁকি বহনের ক্ষমতা আছে। সুতরাং, মি. আলম উদ্যোক্তার গুণাবলির মাধ্যমেই ব্যবসায়কে সামনের দিকে এগিয়ে নিয়ে যান।

**ঘ** মি. আলমের ব্যবসায় পরিকল্পনাটি সঠিক বলে আমি মনে করি।
ব্যবসায় মাত্রই ঝুঁকিপূর্ণ কাজ। তবে একজন উদ্যোক্তা ঝুঁকি পরিমাপ করে সিদ্ধান্ত নেন। ঝুঁকির সম্ভাব্য কারণ ও মাত্রা অনুমান করে তা মোকাবেলা করাই উদ্যোক্তার বৈশিষ্ট্য। মাত্রাতিরিক্ত ঝুঁকি ব্যবসায়ে লোকসান বয়ে আনতে পারে। তাই পরিমিত পরিমাণ ঝুঁকি নেওয়া উচিত।

মি. আলম ব্যবসায় করতে আগ্রহী। কিন্তু তা শুরুর আগে ঝুঁকির কথা ভেবে সিদ্ধান্ত নিতে পারছিলেন না। পরবর্তীতে তিনি বিচার-বিশ্লেষণের মাধ্যমে পোশাকের পাইকারি ব্যবসায় করবেন বলে সিদ্ধান্ত নেন।

মি. আলম সঠিক সিদ্ধান্ত নেওয়ার জন্য বিচার-বিশ্লেষণ করেছেন। কোন ক্ষেত্রে ঝুঁকির পরিমাণ বেশি এবং কোন ক্ষেত্রে কম তা দেখেছেন। এছাড়া সিদ্ধান্ত নেওয়ার আগে গাণিতিক উপায়ে ঝুঁকি পরিমাপ করেছেন। ফলে কোন ক্ষেত্রে মুনাফা বেশি তা অনুধাবন করেছেন। অতএব, মি. আলম যথাযথ বিচার-বিশ্লেষণ করে সঠিক পরিকল্পনা নিয়েছেন।

**প্রশ্ন ▶৩** লক্ষ্মীপুর গ্রামের স্বপন "স্বপন ফার্নিচার" নামে উন্নতমানের ফার্নিচার তৈরি করে যশোরে বাজারজাত করতে শুরু করেন। এতে তার বিক্রয় ও লাভ দু'টিই প্রচুর পরিমাণে বাড়তে থাকে। স্বপনের অদম্য ইচ্ছাশক্তি ও সৃজনশীলতাই তাকে কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাতে সাহায্য করেছে।

◀ *শিখনফল-৭*

ক. জাপানি ম্যাটসুসিটা কোম্পানির প্রতিষ্ঠাতা কে? ১

খ. উদ্যোক্তা চ্যালেঞ্জমূলক কাজ করে আনন্দ পান কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের আলোকে স্বপনের যে গুণাবলি লক্ষ করা যায় তা বর্ণনা করো। ৩

ঘ. তোমার মতে স্বপনকে কি একজন সফল উদ্যোক্তা বলা যায়? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

### ৩ নং প্রশ্নের উত্তর

**ক** জাপানি ম্যাটসুসিটা কোম্পানির প্রতিষ্ঠাতা কনোকে ম্যাটসুসিটা নামক একজন বিখ্যাত শিল্পোদ্যোক্তা।

**খ** যে ব্যক্তি নতুন চিন্তা মাথায় রেখে তা বাস্তবায়নের চেষ্টা করেন তিনিই উদ্যোক্তা।

উদ্যোক্তাকে সবসময় ঝুঁকি নিয়ে কাজ করতে হয়। কারণ, ঝুঁকি ছাড়া সাফল্য অর্জন সম্ভন নয়। আর ঝুঁকি নেওয়া মাত্রই কাজটি চ্যালেঞ্জিং হয়ে যায়। তাই উদ্যোক্তা তার কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনের জন্য নিরলস শ্রম দেন। এতে তার সাফল্য অর্জনের তীব্র আকাঙ্ক্ষা তৈরি হয়। আর কাজে সফল হলেই তিনি আত্মতৃপ্তি পান। সাধারণ কাজের মাধ্যমে এতটা তৃপ্তি পাওয়া সম্ভব নয়। তাই চ্যালেঞ্জিং কাজ করতে উদ্যোক্তা বিশেষ আনন্দ পান।

**গ** উদ্দীপকে স্বপনের উদ্যম ও সৃজনশীলতা গুণাবলি লক্ষ করা যায়।

ভবিষ্যতে সফলতা অর্জন ও কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছানোর ইচ্ছা উদ্যোক্তাকে কাজের প্রতি উদ্যমী করে তোলে। নির্দিষ্ট লক্ষ্য অর্জনে উদ্যোক্তা অবিরাম কাজ করেন। ফলাফল অর্জিত না হওয়া পর্যন্ত কাজে নিয়োজিত থাকাই উদ্যমের পরিচয়। অপরদিকে সৃজনশীলতা হলো নতুন কিছু তৈরি করার ক্ষমতা। এ ধরনের গুণ ব্যবসায়ের অগ্রগতি সাধনে সহায়তা করে।

উদ্দীপকের স্বপন গ্রামে ফার্নিচার ব্যবসায় শুরু করেন। তার বানানো আসবাবপত্র উন্নতমানের হওয়ায় তিনি প্রচুর মুনাফা অর্জন করেন। তিনি সারা দেশে তার উৎপাদিত ফার্নিচার বাজারজাত করতে পারছেন। এই সফলতার পেছনে কাজ করেছে তার কর্মপ্রচেষ্টা ও নতুন কিছু করার গুণ। সুতরাং, স্বপনের মধ্যে উদ্যম ও সৃজনশীলতার গুণাবলি লক্ষণীয়।

**ঘ** স্বপন একজন সফল উদ্যোক্তা বলে আমি মনে করি।

সফল উদ্যোক্তারা দৃঢ় মনোবল, প্রবল ইচ্ছাশক্তি, সাহসিকতা ও সৃজনশীলতা প্রয়োগ করে ব্যবসায় স্থাপন করেন ও সফলভাবে এগিয়ে নিয়ে যান। উদ্যোগ নেওয়া সহজ কাজ হলেও উদ্যোক্তাসুলভ গুণাবলি ছাড়া সফল হওয়া সম্ভব নয়।

উদ্দীপকের স্বপন উন্নতমানের আসবাবপত্র তৈরি করেন। তিনি তার ব্যবসায়ে সৃজনশীল মেধা প্রয়োগ করেন। এতে তিনি নতুন ডিজাইনের ফার্নিচার তৈরি করেন। এরপর এগুলো সারাদেশে বাজারজাত করেন। ফলে তার বিক্রয় ও লাভ প্রচুর পরিমাণে হয়েছিল।

স্বপনের অধ্যবসায়, সৃজনশীলতা ও প্রবল ইচ্ছাশক্তির কারণে তিনি কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাতে পেরেছেন। কারণ অদম্য ইচ্ছাশক্তি, ব্যর্থতার মাঝে সফলতার আনন্দ খুঁজে নিয়ে পুনরায় এগিয়ে যাওয়ার প্রেরণা জোগায়। স্বপনেরও প্রবল ইচ্ছাশক্তি ছিল। তাই তিনি সফলতার সর্বোচ্চ শিখরে পৌঁছাতে পেরেছেন। অতএব, স্বপনকে একজন সফল উদ্যোক্তা বলা যায়।

**প্রশ্ন ▶৪** নতুন শিল্প বা ব্যবসায় স্থাপন একটি সৃজনশীল, ঝুঁকিপূর্ণ ও গঠনমূলক কাজ। জনাব তাহের যদিও ব্যবসায় করতে ইচ্ছুক কিন্তু ঝুঁকির কারণে দুশ্চিন্তায় ভুগছেন। এক পর্যায়ে তিনি বিভিন্ন বিচার-বিশ্লেষণ করে একটি মুদির দোকান স্থাপন করার সিদ্ধান্ত নেন। তিনি এটি একটি জনবসতিপূর্ণ এলাকায় স্থাপন করার উদ্যোগ নেন।

◀ *শিখনফল-৭*

ক. দূরদৃষ্টি কী? ১

খ. ঝুঁকি গ্রহণ ছাড়া সাফল্য অর্জন সম্ভব নয় কেন? ব্যাখ্যা করো।২

গ. একজন সফল উদ্যোক্তাকে বিভিন্ন গুণে গুণান্বিত হতে হয় কেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব তাহেরের ব্যবসায় পরিকল্পনাটি সঠিক কিনা এ ব্যাপারে তোমার মতামত তুলে ধরো। ৪

### ৪ নং প্রশ্নের উত্তর

**ক** ভবিষ্যৎ সমস্যা ও সম্ভাবনা সঠিকভাবে চিহ্নিত করে করণীয় নির্ধারণ করার সামর্থ্য হলো দূরদৃষ্টি।

**খ** উদ্যোক্তাকে সবসময় অনিশ্চয়তার মধ্য দিয়ে সিদ্ধান্ত নিতে হয় বলে ঝুঁকি গ্রহণ ছাড়া সাফল্য অর্জন সম্ভব নয়।

ব্যবসায় উদ্যোগের সাথে ঝুঁকির ধনাত্মক সম্পর্ক বিদ্যমান। একজন উদ্যোক্তা সিদ্ধান্ত নেওয়ার আগে ঝুঁকি পরিমাপ করেন। বেশি ঝুঁকি নিলে বেশি লাভবান হওয়ার সম্ভাবনা থাকে। ঝুঁকি না নিয়ে ব্যবসায়ে সাফল্য অর্জন বা ব্যবসায় পরিচালনাও নয়। তাই বলা হয়, ঝুঁকি গ্রহণ ছাড়া সাফল্য অর্জন সম্ভব নয়।

**গ** একজন উদ্যোক্তার গুণাবলির ওপরই ব্যবসায়ের সফলতা নির্ভর করায় তাকে বিভিন্ন গুণে গুণান্বিত হতে হয়।

উদ্যোক্তা তার লক্ষ্যে পৌঁছানোর জন্য নিরলস পরিশম করেন। তিনি স্বাধীনচেতা মনোভাবের হয়ে থাকেন। একজন উদ্যোক্তা ঝুঁকির পরিমাপ অনুমান করে তা মোকাবেলা করেন। সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে তিনি বিচার-বিশ্লেষণ করে এগিয়ে যান।

উদ্দীপকের জনাব তাহের ব্যবসায় করতে আগ্রহী। ঝুঁকি থাকলেও তিনি বিচার-বিশ্লেষণ করে মুদি দোকান স্থাপন করার সিদ্ধান্ত নেন। জনাব তাহেরের এই গুণাবলি একজন সফল উদ্যোক্তার মধ্যে দেখা যায়। সুতরাং, একজন সফল উদ্যোক্তা হতে হলে তাকে অবশ্যই বিভিন্ন গুণে গুণান্বিত হতে হবে।

**ঘ** জনাব তাহেরের ব্যবসায় পরিকল্পনাটি সঠিক ছিল বলে আমি মনে করি।

একজন সফল উদ্যোক্তা ঝুঁকি নেওয়ার আগে তা পরিমাপ করেন। ঝুঁকির সম্ভাব্য কারণ ও মাত্রা অনুমান করে তা মোকাবেলা করেন। সফল উদ্যোক্তার আরও একটি অন্যতম গুণ হলো তিনি বিচার-বিশ্লেষণের মাধ্যমে সিদ্ধান্ত নেন যাতে সিদ্ধান্তটি সঠিক হয়।

উদ্দীপকের জনাব তাহের প্রথমে ঝুঁকির কারণে সিদ্ধান্তহীনতায় ভুগেছেন। পরবর্তীতে তিনি ঝুঁকির পরিমাপ করেন এবং বিচার-বিশ্লেষণের মাধ্যমে সিদ্ধান্ত নেন। তিনি জনবসতিপূর্ণ এলাকায় মুদি ব্যবসায় করার সিদ্ধান্ত নেন।

একটি ব্যবসায় পরিকল্পনা তখনই সঠিক হয় যখন তা বিচার-বিশ্লেষণের মাধ্যমে নেওয়া হয়। জনাব তাহেরের পরিকল্পনাটি নেওয়ার আগে ঝুঁকির বিষয়ে ভেবেছেন। পরবর্তীতে তিনি বিচার-বিশ্লেষণের মাধ্যমে জনবসতিপূর্ণ এলাকায় মুদি দোকানের ব্যবসায় করার পরিকল্পনা নেন। অতএব, জনাব তাহেরের পরিকল্পনাটি সঠিক।

## প্রশ্নব্যাংক

**প্রশ্ন ▶ ৫** জাহিদ একজন ইঞ্জিনিয়ার। তিনি নিজ এলাকায় একটি কারখানা দেন। তার উৎপাদিত পণ্যের গুণগত মান ভালো কিন্তু বিক্রির পরিমাণ আশানুরূপ নয়। এছাড়া তার এলাকায় বিদ্যুৎ সরবরাহ পর্যাপ্ত নয়। ফলে কারখানা সম্প্রসারণ করার ইচ্ছে থাকলেও সম্ভব হচ্ছে না। ◀ *শিখনফল-৩ ও ৫*

ক. উদ্যোগ কাকে বলে? ১
খ. ব্যবসায় উদ্যোগ বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. জনাব জাহিদের কারখানা স্থাপনের কারণ বর্ণনা করো। ৩
ঘ. জনাব জাহিদের কারখানাটি সম্প্রসারণ না করতে পারার ফলাফল বিশ্লেষণ করো। ৪

### ৫ নং প্রশ্নের উত্তর

**ক** কোনো কাজের কর্ম প্রচেষ্টাকে উদ্যোগ বলে।

**খ** ঝুঁকি নিয়ে কোনো ব্যবসায় বা আর্থিক প্রতিষ্ঠান স্থাপনের উদ্দেশ্যে সম্পাদিত কাজ হলো ব্যবসায় উদ্যোগ।

এর মূল উদ্দেশ্য হলো মুনাফা অর্জন। এটি সাধারণত নতুন ব্যবসায় শুরুর সাথে সম্পর্কিত। তবে প্রতিষ্ঠানে নতুন পণ্য বা সেবা চালু করাও ব্যবসায় উদ্যোগের মধ্যে পড়ে।

*সুপার টিপ্স: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** ব্যবসায় স্থাপনে অর্জিত জ্ঞান ব্যবহারের সুবিধা ব্যাখ্যা করো।

**ঘ** ব্যবসায় সম্প্রসারণের সাথে ভবিষ্যৎ স্থায়িত্বের সম্পর্ক আলোচনা করো।

**প্রশ্ন ▶ ৬** মি. বিপ্লব বিদেশ থেকে এসে ব্যবসায় করার সিদ্ধান্ত নিলেন। তিনি টার্কি মুরগির ফার্ম স্থাপন করবেন। তার নিজের টাকা নিয়ে সখিপুরে কলেজ মোড়ে পরিকল্পনা অনুযায়ী ফার্ম স্থাপন করলেন এবং আত্মবিশ্বাস, সাহস ও পরিশ্রম তাকে সফলতা এনে দিল। ◀ *শিখনফল-৪*

ক. পরিমিত পরিমাণ ঝুঁকি কী? ১
খ. ঝুঁকি নেওয়া ছাড়া সাফল্য অর্জন সম্ভব নয় কেন? ব্যাখ্যা করো। ২
গ. মি. বিপ্লব তার ফার্মটি কলেজ মোড়ে গড়ে তুলেছেন কেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. মি. বিপ্লবের উদ্যোগের অবদান দেশের অর্থনৈতিক উন্নয়নে কী ধরনের ভূমিকা রাখে বলে তুমি মনে করো? ৪

### ৬ নং প্রশ্নের উত্তর

**ক** ঝুঁকির পরিমাণ বিচার-বিশ্লেষণের মাধ্যমে যে নির্দিষ্ট পরিমাণ ঝুঁকি নেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়, তাকে পরিমিত পরিমাণ ঝুঁকি বলে।

**খ** উদ্যোক্তাকে সবসময় অনিশ্চয়তার মধ্য দিয়ে সিদ্ধান্ত নিতে হয় বলে ঝুঁকি নেওয়া ছাড়া সাফল্য অর্জন সম্ভব নয়।

ব্যবসায় উদ্যোগের সাথে ঝুঁকির ধনাত্মক সম্পর্ক বিদ্যমান। একজন উদ্যোক্তা সিদ্ধান্ত নেওয়ার আগে ঝুঁকি পরিমাপ করেন। বেশি ঝুঁকি নিলে বেশি লাভবান হওয়ার সম্ভাবনা থাকে। ঝুঁকি না নিয়ে ব্যবসায়ে সাফল্য অর্জন বা ব্যবসায় পরিচালনাও সম্ভব নয়। তাই বলা হয়, ঝুঁকি নেওয়া ছাড়া সাফল্য অর্জন সম্ভব নয়।

*সুপার টিপ্স: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** ব্যবসায় স্থাপনে ক্রেতার আধিক্যের প্রভাব লেখো।

**ঘ** অর্থনৈতিক উন্নয়নে ব্যবসায় উদ্যোগের ভূমিকা লেখো।

**প্রশ্ন ▶ ৭** অষ্টম শ্রেণি পাস করে সামিদ পড়াশোনার পাশাপাশি একটি ফ্রিজ সার্ভিসিং দোকানে কাজ করত। এইচ.এস.সি. পাসের পর সে একটি ফ্রিজ সার্ভিসিং-এর দোকান দেয়। এ কাজে তাকে সহায়তা করার জন্য আরও তিনজন লোক রাখেন। এছাড়া তিনি এলাকায় অনেক ছেলেকে বিনামূল্যে সার্ভিসিং-এর কাজ শেখান। তার প্রচেষ্টায় দোকান সফলভাবে চলছে এবং সুনাম অর্জন করেছে। ◀ *শিখনফল-১ ও ৭*

ক. সৃজনশীলতা কী? ১
খ. দক্ষ মানবসম্পদ বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের আলোকে সামিদকে ব্যাখ্যা করো। ৩
ঘ. সামিদের মধ্যে উদ্দীপকের আলোকে যেসব বৈশিষ্ট্য পরিলক্ষিত হয় তা মূল্যায়ন করো। ৪

### ৭ নং প্রশ্নের উত্তর

**ক** নিজের চিন্তা থেকে নতুন কিছু তৈরি করার ক্ষমতাকে সৃজনশীলতা বলে।

**খ** কোনো নির্দিষ্ট কাজে যোগ্য ও পারদর্শী মানুষকে দক্ষ মানবসম্পদ নামে অভিহিত করা হয়।

দক্ষ মানবসম্পদ তৈরি বর্তমান বিশ্বের জনবহুল দেশগুলোর জন্য অন্যতম চ্যালেঞ্জ। বাংলাদেশ তার মধ্যে একটি। প্রত্যেক মানুষই কোনো না কোনো বিষয়ে আগ্রহী থাকে। তাকে উক্ত বিষয়ে যথাযথ পরামর্শ ও প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে তোলা যায়। এতে তার কর্মসংস্থানের সুযোগ বাড়ে। ফলে দেশের অর্থনৈতিক উন্নয়নও গতিশীল হয়। এভাবে মানুষকে দক্ষ মানবসম্পদ হিসেবে কাজে লাগাতে পারলে আর্থ-সামাজিক উন্নয়ন হয়।

*সুপার টিপ্স: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** ব্যবসায় উদ্যোক্তার বৈশিষ্ট্য লেখো।

**ঘ** উদ্যোক্তার একাগ্রতা, পরিশ্রম, ঝুঁকি সম্পর্কে লেখো।

## নিজেকে যাচাই করি

### সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৩০ মিনিট; মান-৩০

১. সাধারণ অর্থে যেকোনো কাজের কর্মপ্রচেষ্টাকে কী বলে?
K শখ L শিল্প
M ব্যবসায় N উদ্যোগ

২. সফল উদ্যোক্তা কিসের মাধ্যমে সিদ্ধান্ত দেন?
K মোকাবিলার মাধ্যমে
L চ্যালেঞ্জের মাধ্যমে
M বিচার-বিশ্লেষণের মাধ্যমে
N একাগ্রতার সাহায্যে

৩. কে গতিশীল নেতৃত্বের গুণে গুণান্বিত হয়ে থাকেন?
K শিল্পপতি L উদ্যোক্তা
M সফল উদ্যোক্তা N বিজ্ঞানী

৪. যিনি উদ্যোগ নেন তাকে কী বলা হয়?
K ব্যবসায়ী L উদ্যোক্তা
M বিত্তবান N ব্যাংকার

**উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও।**
রোজী হস্তশিল্পের ব্যাপারে খুব আগ্রহী। এসব বিষয়ে প্রশিক্ষণ নিয়ে নিজেই একটি বুটিক হাউস স্থাপন করে ব্যবসায় শুরু করলেন।

৫. রোজীর এই কর্মপ্রচেষ্টাকে কী বলে?
K ঝুঁকি L শিল্প
M উদ্যোগ N বিনিয়োগ

৬. যেকোনো উদ্যোগ নেওয়ার ক্ষেত্রে প্রয়োজন—
i. পরিশ্রম ii. ইচ্ছা
iii. কর্ম প্রচেষ্টা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

৭. আমাদের দেশের শিক্ষাব্যবস্থা সাধারণত কিসের ওপর প্রতিষ্ঠিত?
K মুখস্থনির্ভর ও তাত্ত্বিক
L লিখিত ও মৌখিক
M কারিগরি ও বৃত্তিমূলক
N বাস্তবভিত্তিক

৮. একজন উদ্যোক্তার প্রধান গুণ কোনটি?
K কর্মোদ্যোগ L ব্যবসায় পরিচালনা
M সংবেদনশীলতা N ঝুঁকি নিতে সহায়তা

৯. নতুন ব্যবসায়ের উদ্যোগ নেওয়ার জন্য প্রয়োজন—
i. সঠিক পরিকল্পনা ii. প্রশিক্ষণ
iii. শিক্ষাগত যোগ্যতা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

১০. ফোর্ড কোন দেশের কোম্পানি?
K জাপান L ইংল্যান্ড
M আমেরিকা N বাংলাদেশ

**উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও।**
বরিশাল শহরে 'অলিক বুটিক হাউজ'-এর স্বত্বাধিকারী মালেকা সামান্য পুঁজি নিয়েই ব্যবসায় শুরু করেছিলেন। প্রচণ্ড শ্রম ও মানসিক জোর নিয়ে ধীরে ধীরে আজ নিজেকে একজন সফল উদ্যোক্তায় প্রতিষ্ঠিত করতে পেরেছেন। তার প্রতিষ্ঠানে ৪০ জনের কর্মসংস্থান হয়েছে।

১১. দেশকে এগিয়ে নিতে মালেকার মতো উদ্যোক্তারা ভূমিকা রাখেন—
i. কর্মসংস্থান তৈরির মাধ্যমে
ii. গ্রামীণ অবকাঠামো উন্নয়নে
iii. জীবন যাত্রার মান উন্নয়নে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

১২. মালেকার মধ্যে সফল উদ্যোক্তার কোন গুণ পরিলক্ষিত হয়?
K পরিবারের সচ্ছলতা
L শিক্ষাগত যোগ্যতা
M কঠোর পরিশ্রম করার ক্ষমতা
N জানার আগ্রহ

১৩. সফল উদ্যোক্তা কোন ধরনের গুণের অধিকারী হয়ে থাকেন?
K গতিশীল L সাহসী
M উদ্ভাবনী N আত্মবিশ্বাসী

১৪. ব্যবসায় উদ্যোগের প্রধান উদ্দেশ্য কোনটি?
K জনকল্যাণ L মুনাফা অর্জন
M ব্যবসায় সম্প্রসারণ
N ভবিষ্যৎ পরিকল্পনা

১৫. ব্যবসায় উদ্যোগ গড়ে ওঠার জন্য প্রয়োজন—
i. উন্নত অবকাঠামোগত উপাদান
ii. সরকারি পৃষ্ঠপোষকতা
iii. আর্থসামাজিক স্থিতিশীলতা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

১৬. কোনটির অভাবে বাংলাদেশের অনেক শিল্প কারখানা কাঙ্ক্ষিত মাত্রা উৎপাদনে ব্যর্থ হয়?
K স্থায়ী মূলধন L চলতি মূলধন
M বিনিয়োগ মূলধন
N বিনিয়োগকৃত মূলধন

১৭. কোনটির অভাবে সুযোগ থাকা সত্ত্বেও সঠিক পদক্ষেপ নেওয়া ব্যাহত হয়?
K প্রশিক্ষণ L সম্পদ
M জনশক্তি N মেধা

**উদ্দীপকটি পড়ো এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও।**
তীব্র প্রতিযোগিতা আছে জেনেও জনাব মুরাদ হোসেন মাছের খাদ্য তৈরির কারখানা স্থাপন করেন।

১৮. জনাব মুরাদকে আমরা কী হিসেবে অভিহিত করতে পারি?
K মিতব্যয়ী L ব্যবসায় উদ্যোক্তা
M স্বাধীনচেতা N পরিশ্রমী

১৯. জনাব মুরাদের সফল হওয়ার জন্য প্রয়োজন—
i. দৃঢ় মনোবল ii. সাহস
iii. মুনাফার নিশ্চয়তা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

২০. উদ্যোক্তা উৎপাদন প্রক্রিয়ার নতুন কৌশল নেয় কীভাবে?
K অধ্যবসায়ের মাধ্যমে
L মূলধন গঠন করে
M উদ্ভাবনীশক্তির বলে
N প্রযুক্তির মাধ্যমে

২১. ম্যাটসুসিটা কোন দেশের প্রতিষ্ঠিত কোম্পানি?
K বাংলাদেশ L জাপান
M জার্মানি N চীন

২২. পরিকল্পনা ব্যর্থতায় পর্যবসিত হওয়ার কারণ—
i. মাত্রাতিরিক্ত ঝুঁকি
ii. অতি আত্মবিশ্বাস
iii. মানসিক সমস্যা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

২৩. উদ্যোক্তা কোন ধরনের কাজ করতে বিশেষ আনন্দ পান?
K চ্যালেঞ্জমূলক L উদ্ভাবনমূলক
M সৃজনশীল N ঝুঁকিপূর্ণ

২৪. মি. রাফি বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি নিয়ে কর্মজীবন শুরু করলেও চাকরির ধরাবাঁধা নিয়ম-কানুন ভালো না লাগায় তিনি চাকরি ছেড়ে ব্যবসায় শুরু করেন। এখানে মি. রাফির কোন বৈশিষ্ট্যটি ফুটে উঠেছে?
K স্বাধীনচেতা L ত্যাগী মনোভাব
M সরলতা N অধ্যবসায়

২৫. আর্থিক ঝুঁকি কোনটি?
K মূলধন কম থাকা
L ঋণ না পাওয়া
M দ্রব্যমূল্য বেশি হওয়া
N প্রত্যাশার চেয়ে মুনাফা কম হওয়া

২৬. জনাব আজিজ উদ্যোক্তা হিসেবে সফল হতে চান। তাকে সবচেয়ে বড় কোন বৈশিষ্ট্যটির অধিকারী হতে হবে?
K সুষ্ঠু পরিকল্পনা তৈরি
L বিক্রয় করার গুণাবলি
M উদ্ভাবনী শক্তি
N পরিমিত পরিমাণ ঝুঁকি নেওয়া

২৭. ব্যবসায়ের ক্ষতির আশঙ্কাকে কী বলে?
K ক্ষতি L মুনাফা
M ঝুঁকি N অর্থ

২৮. একজন উদ্যোক্তার প্রধান প্রধান গুণ হলো—
i. সাংগঠনিক ক্ষমতা
ii. পরিমিত পরিমাণ ঝুঁকি নেওয়া
iii. সংবেদনশীলতা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

২৯. প্রকৃত উদ্যোক্তারা কোনটি করে থাকেন?
K অন্যের অভিজ্ঞতা থেকে শিক্ষা নেন
L অতি আত্মবিশ্বাসী হন
M কম ঝুঁকিসম্পন্ন কাজ করেন
N ভুল থেকে শিক্ষা নেন না

৩০. একজন উদ্যোক্তার ঝুঁকি নিতে কোন গুণটি কাজ করে?
K সৃজনশীল শক্তির বাস্তবায়ন
L সুযোগের সদ্ব্যবহার
M উপকরণ সংগ্রহ
N সাফল্য লাভের আকাঙ্ক্ষা

## সৃজনশীল রচনামূলক প্রশ্ন

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট; মান-৭০

**১.▶** নাদিয়া বেগম একজন আত্মপ্রত্যয়ী নারী উদ্যোক্তা। এইচএসসি পাস করার পর তার ব্যবসায়িক চিন্তার উদ্ভব ঘটে। তাই তিনি মায়ের অনুপ্রেরণায় যুব উন্নয়ন অধিদপ্তর থেকে বুটিক ও এমব্রয়ডারির ওপর প্রশিক্ষণ এবং মাত্র দশ হাজার টাকা পুঁজি নিয়ে কাজ শুরু করেন। বর্তমানে তার কাপড় দেশের বিভাগীয় শহরের বড় বড় শপিংমলে বিক্রি হচ্ছে।

ক. ব্যবসায় উদ্যোগের ইংরেজি প্রতিশব্দ কী? ১

খ. উদ্যোগ ও ব্যবসায় উদ্যোগের মধ্যে পার্থক্য উদাহরণের মাধ্যমে তুলে ধরো। ২

গ. একজন সফল উদ্যোক্তার গুণাবলির সঙ্গে নাদিয়া বেগমের কোন কোন গুণের মিল খুঁজে পাওয়া যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্যোক্তা হিসেবে নাদিয়া বেগম কতটুকু সফলতা পেয়েছেন? বিশ্লেষণ করো। ৪

**২.▶** অনন্তপুর গ্রামের উত্তম মাটি দিয়ে পুতুল, ঘোড়া, হাঁড়ি-পাতিল, ফুলদানিসহ নতুন ডিজাইনের মাটির জিনিসপত্র তৈরি করেন। এসব জিনিসপত্র তিনি সারাদেশে বাজারজাত করতে শুরু করলেন। এতে তার পণ্যের বিক্রয় ও লাভ উভয়ই প্রচুর পরিমাণে হয়েছিল। উত্তমের অদম্য ইচ্ছা শক্তি ও সৃজনশীলতাই তাকে কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌছাতে সাহায্য করেছে।

ক. উদ্যোগ কী? ১

খ. উদ্যোক্তা কখন আত্মতৃপ্ত হন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের আলোকে উত্তমের যে গুণাবলি লক্ষ করা যায় তা বর্ণনা করো। ৩

ঘ. উপর্যুক্ত গুণাবলির জন্য উত্তমকে কি একজন সফল উদ্যোক্তা বলা যায়? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৩.▶** মি. বিপ্লব বিদেশ থেকে এসে ব্যবসায় করার সিদ্ধান্ত নিলেন। তিনি টার্কি মুরগির ফার্ম স্থাপন করবেন। তার নিজের টাকা নিয়ে সখিপুরে কলেজ মোড়ে পরিকল্পনা অনুযায়ী ফার্ম স্থাপন করলেন। আত্মবিশ্বাস, সাহস ও পরিশ্রম তাকে সফলতা এনে দিল।

ক. পরিমিত পরিমাণ ঝুঁকি কী? ১

খ. ঝুঁকি নেওয়া ছাড়া সাফল্য অর্জন সম্ভব নয় কেন? ২

গ. মি. বিপ্লব তার ফার্মটি কলেজ মোড়ে গড়ে তুলেছেন কেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. বিপ্লবের উদ্যোগের অবদান দেশের অর্থনৈতিক উন্নয়নে কী ধরনের ভূমিকা রাখে বলে তুমি মনে করো? ৪

**৪.▶** জনাব মজিদ রংপুরের একটি শপিং মলের কাপড় ব্যবসায়ী। ঈদ মৌসুমে তিনি লক্ষ্য করলেন উক্ত শপিং মলের তুলনায় শহরের একটি অভিজাত শপিং মলে ক্রেতার সমাগম বেশি। ব্যয়বহুল জেনেও তিনি অভিজাত শপিং মলে দোকান ভাড়া নেওয়ার সিদ্ধান্ত নিলেন।

ক. ব্যবসায় উদ্যোগ কী? ১

খ. ব্যবসায় উদ্যোগের সাথে ঝুঁকির সম্পর্ক কীরূপ? ব্যাখ্যা করো। ২

গ. ব্যবসায় উদ্যোক্তার গুণাবলির মধ্যে কোন কোন গুণ জনাব মজিদের ক্ষেত্রে পরিলক্ষিত হয়? ৩

ঘ. বাংলাদেশের প্রেক্ষাপটে অভিজাত শপিং মলটির অবস্থান জনাব মজিদের জন্য অনুকূল/প্রতিকূল? তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৪

**৫.▶** সিলেটের মনিপুরি মেয়ে অলকা এইচএসসি পাস করে পড়াশোনা ছেড়ে দিয়ে নিজেই তার পারিবারিক ব্যবসায় পরিচালনা করেন। তাদের নিজ হাতে তৈরিকৃত চাদর, মাফলার, ইনেফি এবং মনিপুরি পোশাক স্থানীয় চাহিদা মিটিয়ে ভ্রমণপিপাসু বিদেশিদের আকর্ষণ করেছে। তার প্রস্তুতকৃত পোশাক আজ বিদেশের বাজারে সমাদৃত এবং নিজস্ব ঐতিহ্যকে বিশ্ব দরবারে তুলে ধরেছে। যেমন প্রাচীনকালে মসলিন কাপড় সমাদৃত হয়েছিল।

ক. ঝুঁকি কী? ১

খ. ব্যবসায় উদ্যোগ প্রয়োজন কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে অলকার উদ্যোগটিকে কী হিসেবে অভিহিত করা যায়? বর্ণনা করো। ৩

ঘ. অলকার উদ্যোগটি কোন পরিবেশের উপাদান দ্বারা প্রভাবিত হয়ে আজ বিশ্ববাজারে সমাদৃত? বিশ্লেষণ করো। ৪

**৬.▶** আতিক হাসান বগুড়ার সিটি প্লাজার জোনাকী ফ্যাশন হাউজের উত্তরাধিকারী। তিনি বেশি চাহিদা ও লাভের সম্ভাবনা দেখে এ ব্যবসায় করার সিদ্ধান্ত নেন। পর্যাপ্ত ব্যবসায়িক জ্ঞান না থাকায় এটা তার জন্য ঝুঁকিপূর্ণ হয়ে দাঁড়ায়। তিনি বেশি পরিমাণ লোকসানের সম্মুখীন হন।

ক. উদ্যোক্তা বলতে কী বোঝ? ১

খ. প্রশিক্ষণ প্রয়োজন কেন? ব্যাখ্যা করো। ২

গ. আতিক হাসান ব্যবসায় পরিচালনা করতে গিয়ে যে ঝুঁকির সম্মুখীন হয়েছিল তা বর্ণনা করো। ৩

ঘ. উক্ত সমস্যা সমাধানে কী কী পদক্ষেপ নেওয়া যায় বলে তুমি মনে করো? ৪

**৭.▶** প্লাস্টিকের দ্রব্য পরিবেশকে দূষিত করে। তাই মি. রাফাত এগুলো দিয়ে পুনরায় ব্যবহারযোগ্য নতুন পণ্য উৎপাদনের চিন্তা করেন। তিনি যশোরের চাচড়া এলাকায় মহাসড়কের পাশে একটি প্লাস্টিক দ্রব্য প্রসেসিং কারখানা স্থাপন করেন। বর্তমান কারখানায় মাসিক বেতনে ৭ জন এবং অস্থায়ীভাবে ৮ জন কর্মচারী কাজ করছে।

ক. দূরদৃষ্টি কী? ১

খ. উদ্যোক্তার সৃজনশীলতা বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২

গ. মি. রাফাতের প্লাস্টিক দ্রব্য প্রসেসিং কারখানা স্থাপনের চিন্তা কোন ধরনের কাজ? ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. রাফাতের পদক্ষেপ দেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে— উক্তিটি মূল্যায়ন করো। ৪

**৮.▶** মান্নান যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র থেকে মৎস্য চাষের ওপর প্রশিক্ষণ নেন। তিনি ও তার বড় ভাই মিলে পারিবারিক পুকুরে মৎস্য চাষ শুরু করার সিদ্ধান্ত নেন। কিন্তু কিছু বন্ধু-বান্ধব ঝুঁকির কথা বলে তাদেরকে নিরুৎসাহিত করার চেষ্টা করেন। এতে তারা মোটেও থেমে যাননি।

ক. সৃজনশীলতা কী? ১

খ. উদ্যোগ নেওয়া কি সর্বদাই লাভজনক? ব্যাখ্যা করো। ২

গ. মান্নানের মৎস্য চাষ শুরু করার কাজকে কী বলে? ব্যাখ্যা করো। ৩

ঘ. বন্ধু-বান্ধবের পরামর্শ না শুনে কাজে এগিয়ে যাওয়ায় মান্নানের মধ্যে উদ্যোক্তার কোন গুণটি প্রকাশ পেয়েছে তা বিশ্লেষণ করো। ৪

**৯.▶** আমেরিকা ফেরত বিজয় গ্রামের বাজারে ২০ লক্ষ টাকা ব্যয়ে একটি ফ্রিজের দোকান দিলেন। দোকানে চাকচিক্য আর আভিজাত্যের ছোঁয়া থাকলেও তেমন ক্রেতা ছিল না। লাভের আশা বাদ দিয়ে ক্রয়মূল্যেও ফ্রিজ বিক্রি করতে পারছেন না। তাই এক বছরের মধ্যে দোকান বন্ধ করে দিতে বাধ্য হলেন।

ক. ব্যবসায় উদ্যোক্তা কে? ১

খ. সফল উদ্যোক্তার প্রয়োজন কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্যোগ নেওয়ায় বিজয়ের কীসের অভাব ছিল? ব্যাখ্যা করো। ৩

ঘ. ব্যবসায় শুরু করার আগে বিজয়ের কোন বিষয় বিবেচনা করা উচিত ছিল বলে তুমি মনে করো? ৪

**১০.▶** অসীম একজন মেধাবী ছাত্র। সে মুখস্থ বিদ্যায় বেশ পারদর্শী। কিন্তু তার বিদ্যা পুস্তকনির্ভর। সাধারণ শিক্ষা ব্যবস্থায় হাতে-কলমে শিক্ষা নেওয়ার সুযোগ না থাকায় তার মতো অনেক শিক্ষার্থীর মধ্যে ব্যবসায় উদ্যোগ নেওয়ার অভ্যাস গড়ে উঠছে না। কারণ তারা এ সম্পর্কে ভালোমতো জানার সুযোগ পাচ্ছে না।

ক. আমেরিকার ফোর্ড কোম্পানির প্রতিষ্ঠাতার নাম কী? ১

খ. নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে কোন ধরনের শিক্ষার অপর্যাপ্ততার কথা বলা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত সমস্যা সৃষ্টির একটি কারণ হলো "প্রচার-প্রচারণার অভাব" কীভাবে? বিশ্লেষণ করো। ৪

**১১.▶** মি. মালেক স্থানীয় প্রশাসনের সহযোগিতায় গ্রামের রাস্তার দু'পাশে খানা-খন্দ মেরামত করে সবজি চাষ শুরু করেন। আবার বিভিন্ন মেয়াদের ফলদ ও বনজ গাছ রোপণ করে। এতে মৌসুমি সবজি বিক্রি করে বেশ মুনাফা অর্জন করেন এবং রাস্তার সৌন্দর্য বাড়ার পাশাপাশি ক্ষয়রোধ হয়।

ক. ম্যাটসুসিটা কোন দেশের কোম্পানি? ১

খ. আর্থিক ঝুঁকি বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২

গ. মি. মালেকের কাজের ধরন উল্লেখ করে বর্ণনা দাও। ৩

ঘ. মি. মালেকের কর্মকাণ্ড অন্য যুবকদের উৎসাহিত করবে? তুমি কি তা মনে করো? যুক্তি দেখাও। ৪

### উত্তরমালা: নিজেকে যাচাই করি

## সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | M | ৩ | M | ৪ | L | ৫ | M | ৬ | N | ৭ | K | ৮ | M | ৯ | K | ১০ | M | ১১ | N | ১২ | M | ১৩ | K | ১৪ | L | ১৫ | N |
| ১৬ | L | ১৭ | K | ১৮ | L | ১৯ | K | ২০ | L | ২১ | L | ২২ | K | ২৩ | K | ২৪ | K | ২৫ | N | ২৬ | N | ২৭ | M | ২৮ | N | ২৯ | K | ৩০ | N |